গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
www.rhdc.gov.bd, Email: cht.rhdc.yahoo.com

স্মারক নং ৩৮.০১.৮৪০০.০০০.১১.০০৫.২৫-২৩২

তারিখ: ১২ ভাদ্র ১৪৩২
২৭ আগস্ট ২০২৫

# পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদে হস্তান্তরিত প্রাথমিক শিক্ষা বিভাগের আওতাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্বখাতভুক্ত "সহকারী শিক্ষক" এর শূন্যপদে এবং জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণির জন্য রাজস্বখাতে সৃষ্ট "সহকারী শিক্ষক" পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫-এর ১৩তম গ্রেডে অস্থায়ীভাবে নিয়োগের জন্য রাঙ্গামাটি পার্বত্য জেলার প্রকৃত নাগরিকদের নিকট থেকে নিম্নে উল্লিখিত নির্দেশনা/শর্ত অনুযায়ী দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম | বেতনক্রম | বয়সসীমা (২৫/০৯/২০২৫ তারিখে) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| সহকারী শিক্ষক | বেতনস্কেল: টাকা ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | সর্বনিম্ন ২১ বৎসর এবং সর্বোচ্চ ৩২ বৎসর । | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী। |

## আবেদনকারীগণের জন্য প্রযোজ্য/অনুসরণীয় শর্তাবলী:

০১। আবেদনকারীকে নির্ধারিত আবেদন ফরম ও প্রবেশপত্রের নমুনা ফরম পুরণ করে ৫নং ক্রমিকে উল্লেখিত কাগজপত্রসহ আগামী ২৫/০৯/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের রক্ষিত বক্সে আবেদন জমা দিতে হবে। চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ বরাবর ডাকযোগেও আবেদনপত্র প্রেরণ করা যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর সরাসরি বা ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবেনা।

০২। আবেদনকারীকে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে এবং নির্ধারিত প্রবেশপত্রের নমুনা ফরম যথাযথভাবে পূরণপূর্বক আবেদনপত্রের সাথে সংযুক্ত করে জমা দিতে হবে। নির্ধারিত **"চাকরির আবেদন ফরম"** ও **"প্রবেশপত্রের নমুনা ফরম"** রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ওয়েবসাইট www.rhdc.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।

০৩। আবেদনপত্রের সাথে পরীক্ষার ফি বাবদ প্রার্থীদের ক্ষেত্রে ৪০০/- (চারশত) টাকা চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি এর নামীয় সোনালী ব্যাংক, নিউ কোর্ট বিল্ডিং শাখার চলতি হিসাব নং **৫৪১৯২৪০০০০৪৭২** তে জমা দিয়ে জমা স্লিপের মূলকপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৪। এ সকল পদের জন্য ইতোপূর্বে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তি নং ৩৮.০১.৮৪০০.০০০.১১.০০৫.২২-৪৪৫, তারিখ ২৯ মে, ২০২২ খ্রি. এর আওতায় যারা আবেদন দাখিল করেছিলেন তাদের মধ্যে যোগ্য প্রার্থীদের তালিকা রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ওয়েবসাইট www.rhdc.gov.bd তে প্রকাশ করা হবে। তালিকায় উল্লিখিত প্রার্থীদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

০৫। আবেদনপত্রের সাথে নিম্নে উল্লিখিত প্রয়োজনীয় সকল সনদপত্র/প্রত্যয়ণ/তথ্য/কাগজপত্রাদির (সত্যায়িত) ০১ (এক) সেট জমা দিতে হবে। প্রার্থীর সনদপত্র ও ছবি সত্যায়নকারী কর্মকর্তার (৯ম বা তদুর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা) স্বাক্ষরের নীচে নামসহ সীল থাকতে হবে।

ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি; প্রবেশ পত্রের সাথে ০১ (এক) কপি আঠা দিয়ে লাগাতে হবে এবং ০২ (দুই) টি আবেদন ফর্মের সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে।
খ) বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদ ও প্রশিক্ষণ সংক্রান্ত সনদ সংযুক্ত করতে হবে।
গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌর মেয়র/পৌর প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ সংযুক্ত করতে হবে।
ঘ) রাঙ্গামাটি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দার সমর্থনে জেলা প্রশাসক অথবা সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদ সংযুক্ত করতে হবে।
ঙ) প্রথম শ্রেণি গেজেটেড কর্মকর্তার প্রদত্ত চারিত্রিক সনদপত্র (মূলকপি) সংযুক্ত করতে হবে।
চ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ সংযুক্ত করতে হবে।
ছ) অভিজ্ঞতার সনদ (যদি থাকে) সংযুক্ত করতে হবে।
জ) আবেদনপত্রের সাথে প্রেরিত কোন কাগজপত্রাদি পরবর্তীতে ফেরত প্রদান করা হবে না।

০৬। চাকরিরত প্রার্থীদের আবেদন প্রয়োজনীয় কাগজপত্রসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে পৌছাতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

০৭। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

০৮। আবেদনপত্রে কোন অসত্য তথ্য পরিবেশন করলে এবং দাখিলকৃত কাগজপত্রাদি অসত্য/ভুয়া বলে প্রমাণিত হলে কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে আবেদন /নিয়োগ বাতিলসহ সংশ্লিষ্ট আবেদনকারীর বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

০৯। প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ের পর কেবলমাত্র কর্তৃপক্ষের বিবেচনায় যোগ্য প্রার্থীদের লিখিত / মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে।

১০। প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীর বর্তমান (আবেদনে উল্লেখিত পত্র যোগাযোগের ঠিকানা) ঠিকানায় **"লিখিত পরীক্ষার প্রবেশপত্র/ ইন্টারভিউ কার্ড"** প্রেরণ করা হবে এবং নোটিশ বোর্ড ও রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ওয়েবসাইট (www.rhdc.gov.bd) এর মাধ্যমে মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় জানানো হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় আবেদনপত্রের সাথে সংযুক্ত সকল সনদপত্র/কাগজপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। আবেদনকারী যে উপজেলার স্থায়ী বাসিন্দা তার প্রার্থিতা উক্ত উপজেলার অনুকূলে নির্ধারিত থাকবে এবং তার নিয়োগ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম তদনুযায়ী নিয়ন্ত্রিত হবে। সরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ বিধিমালা ২০১৯ এর ৩(৩) এবং ৯(৪) ধারা অনুসারে উপজেলাভিত্তিক শূন্যপদের ভিত্তিতে সংশ্লিষ্ট উপজেলার প্রার্থীদের মধ্য হতে মেধাক্রম অনুযায়ী নিয়োগ করা হবে।

১২। বিবাহিত মহিলা প্রার্থীগণ আবেদনে তাদের স্বামী অথবা পিতার স্থায়ী ঠিকানায় আবেদন করতে পারবেন। তবে এ দুটি স্থায়ী ঠিকানার মধ্যে তিনি যেটি আবেদনে উল্লেখ করবেন তার প্রার্থিতা সেই উপজেলার কোটায় বিবেচিত হবে।

১৩। খামের উপর বামদিকে পদের নাম ও স্থায়ী ঠিকানাভিত্তিক প্রার্থীর নিজ উপজেলার নাম উল্লেখ করতে হবে। পাশাপাশি কোটা থাকলে সেই কোটার নামও ডানদিকে উপরে উল্লেখ করতে হবে।

১৪। বয়স নিরুপনের ক্ষেত্রে এফিডেভিট কোন ক্রমেই গ্রহণযোগ্য নহে।

১৫। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীদের পরীক্ষা গ্রহণ বা প্রার্থীত পদে নিয়োগ প্রদানে বাধ্য থাকবেন না।

১৬। কোটা সম্পর্কিত সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান যা পার্বত্য এলাকার ক্ষেত্রে প্রযোজ্য/নীতিমালা অনুসরণ করা হবে।

১৭। প্রার্থীদের আবেদনপত্র গ্রহণ ও বাতিলের ক্ষেত্রে নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। এছাড়া, নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার/সংশোধন করার সম্পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮। নিয়োগের ক্ষেত্রে কোন ধরণের তদবির ও সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

২৭/৮/২৩

কৃষিবিদ কাজল তালুকদার
চেয়ারম্যান
রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
ও
সভাপতি
শিক্ষক বাছাই ও নিয়োগ কমিটি।

স্মারক নং ৩৮.০১.৮৪০০.০০০.১১.০০৫.২৫- ৯০৮

তারিখ: ১২ ভাদ্র ১৪৩২
২৭ আগস্ট ২০২৫

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. মাননীয় উপদেষ্টা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মাননীয় চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।
০৩. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. মাননীয় চেয়ারম্যান, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
০৬. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা- ১২১৬।
০৭. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৮. জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
০৯. পুলিশ সুপার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১০. মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১১. মুখ্য নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি।
১২. মেয়র, রাঙ্গামাটি পৌরসভা, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৩. জনাব ........................................................সম্মানীত সদস্য (সকল), রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৪. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
১৫. সিভিল সার্জন, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৬. নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৭. নির্বাহী প্রকৌশলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ।
১৮. উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল), উপজেলা: .............................. জেলা: রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৯. জেলা শিক্ষা অফিসার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
২০. ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
২১. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, উপজেলা: ............................... জেলা: রাঙ্গামাটি পার্বত্য জেলা।
২২. উপজেলা শিক্ষা প্রাথমিক অফিসার (সকল), উপজেলা: .............................. জেলা: রাঙ্গামাটি পার্বত্য জেলা।
২৩. সম্পাদক, ........................................ উপরোক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় আগামী ২৮ আগস্ট ২০২৫ তারিখের মধ্যে স্বল্পপরিসরে একদিন প্রকাশপূর্বক ২ কপি পত্রিকা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
২৪ নোটিশ বোর্ড, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি।
২৫. অফিস নথি, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি।
২৬. সংরক্ষণ নথি, এ অফিস।

২৭/০৮/২০২৫

হৃষীকেশ শীল
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
রাঙ্গামাটি পার্বত্য জেলা